



বাংলাদেশ থেকে মধ্যপ্রাচ্যগামী সব ফ্লাইট আপাতত বন্ধ



সংগৃহীত ছবি

মধ্যপ্রাচ্যে চলমান সামরিক অস্থিরতার কারণে বাংলাদেশ থেকে ওই অঞ্চলের সব গন্তব্যে ফ্লাইট আপাতত স্থগিত করা হয়েছে। এ সিদ্ধান্ত নিয়েছে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)। নতুন নির্দেশনা না দেওয়া পর্যন্ত ফ্লাইট চলাচল বন্ধ থাকবে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে। বাংলাদেশ থেকে মধ্যপ্রাচ্যের বিভিন্ন শহরে নিয়মিত ফ্লাইট পরিচালনা করে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এবং ইউএস-বাংলা এয়ারলাইন্স। পরিস্থিতির কারণে এসব রুটে আপাতত সব সেবা বন্ধ রাখা হয়েছে।

এদিকে ইউএস-বাংলা কর্তৃপক্ষ জানিয়েছে, দুবাইয়ে অবস্থানরত তাদের একটি ফ্লাইট নিরাপদে রয়েছে। অন্যদিকে বিমানের বিজি৩৪৯ ফ্লাইটটি ঢাকা থেকে দাম্মাম যাওয়ার পথে মাঝ আকাশ থেকেই ফিরে আসছে।

উল্লেখ্য, তেহরানের পরমাণু কর্মসূচি ঘিরে উত্তেজনার জেরে শনিবার সকালে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল যৌথভাবে ইরান-এর বিভিন্ন স্থানে হামলা চালায়। রাজধানী তেহরানসহ পাঁচটি শহর লক্ষ্য করে এ অভিযান পরিচালিত হয়। পাল্টা হিসেবে ইরানও ইসরায়েল ও আশপাশে থাকা মার্কিন স্থাপনাগুলোকে লক্ষ্য করে হামলা চালিয়েছে বলে আন্তর্জাতিক গণমাধ্যমে জানানো হয়েছে।